

“মুজিববর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা- ১০০০।
www.wewb.gov.bd

নং- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০(১১) ১৫৫

তারিখ: ০১ জুন ২০২১


বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি বহল প্রচারের ব্যবস্থা গ্রহন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২০ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিষ্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক মেধাবী ছাত্র/ছাত্রীকে শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহ্বান করা হয়েছে। ইতোমধ্যে বিজ্ঞপ্তিটি ২৫ মে ২০২১ তারিখের “দৈনিক যুগান্তর, দৈনিক ইত্তেফাক, দৈনিক আমাদের সময়” এবং ২৭ মে ২০২১ তারিখে “দৈনিক প্রথম আলো ও বাংলাদেশ প্রতিদিন” পত্রিকায় প্রকাশিত হয়েছে। ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি ও আবেদন ফরম পাওয়া যাচ্ছে। অনলাইনে আবেদনের লিংক <http://stipen.wewb.govbd/stipend>

২.০ আবেদনপত্র ৩০ জুন ২০২১ তারিখ বিকাল ০৫ টার মধ্যে অনলাইনে/সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড (৯ম তলা), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, রমনা, ঢাকা-১০০০ এর দপ্তরে অথবা সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে পৌঁছাতে হবে। প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রাপ্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধি, গণমাধ্যম, জেলা শিক্ষা অফিস এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৩.০ এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে বিদেশস্থ স্থানীয় গণমাধ্যম, বাংলাদেশ কমিউনিটি এবং কর্মরত কর্মীদের মধ্যে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি ০১ পাতা।


০১.৬.২০২১

(আরিফ আহমেদ খান)

উপ-সচিব

পরিচালক (আইআরপি)

ফোন: ০২-২২২২২২৬১৯

Email: d.irp@wewb.gov.bd

১। কাউন্সেলর(শ্রম)/কাউন্সেলর

বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ হাইকমিশন/বাংলাদেশ কন্স্যুলেট (সকল)।

২। প্রথম সচিব (শ্রম)/প্রথম সচিব/দ্বিতীয় সচিব (শ্রম)/দ্বিতীয় সচিব

বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ হাইকমিশন/বাংলাদেশ কন্স্যুলেট (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে -

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিবের সদয় অবগতির জন্য)
০৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)
০৪. অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড



প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নং-৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০.(১১)-১৪৪

তারিখ:-২০/০৫/২০২১খ্রিঃ

এসএসসি/সমমান ক্যাটাগরিতে "প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি -২০২০" এর দরখাস্ত আহবান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২০ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার / বর্ষে) শ্রেণীতে অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে এবং সরাসরি দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

- (১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-
(ক) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণ করেছেন;
(খ) মৃত প্রবাসী কর্মীর ক্ষেত্রে মৃতের পরিবার এ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন।
(২) শিক্ষার্থীর জিপিএ/সিজিপিএ: নিম্নের ছকে বর্ণনা অনুযায়ী জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে-

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ	
			প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে	মৃত প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে
১।	এসএসসি/সমমান	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.০০
		মানবিক ও বানিজ্য বিভাগ	৪.৭৫	৪.০০

- (৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার সপক্ষে প্রমাণক হিসাবে আনুষঙ্গিক কাগজপত্রাদি, যেমন- পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা / স্মার্ট কার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ মিশনের মাধ্যমে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মেম্বারশীপ এর ফটোকপি; (অনলাইনে আবেদনকারীর জন্য প্রযোজ্য নয়)।
খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি; (অনলাইনে আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য নয়)।
গ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি; (অনলাইনে আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য নয়)।
ঘ) মৃত প্রবাসী কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দুতাবাস সনদ)

- (৪) বৃত্তির পরিমাণ:

(ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের ০৪(চার) বছর মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;
(খ) বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ও শিক্ষা উপকরণসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ বাবদ ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা প্রদান করা হবে;

- (৫) আবেদনের প্রক্রিয়া:

ক) অনলাইনে আবেদনের লিংক: <http://stipen.wewb.gov.bd/stipend>
খ) সরাসরি আবেদনের জন্য বোর্ডের ওয়েবসাইট www.wewb.gov.bd হতে বিনামূল্যে আবেদন ফরম সংগ্রহ করা যাবে;
১. সরাসরি আবেদনকারীর আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে অনলাইনে/ সরাসরি / ডাকযোগে পরিচালক (আইআরপি) ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না;
২. শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতার মোবাইল নম্বর অবশ্যই ফরমে উল্লেখ করতে হবে;

- (৬) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** যে কোন তথ্যের জন্য ২৪/৭ "প্রবাসবন্ধু কলসেন্টার" এর নম্বরসমূহে: ০১৭৮৪৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩, ০২৯৩৩৪৮৮৮ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আরিফ আহমেদ খান
উপ-সচিব
পরিচালক (আইআরপি)